যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২
মনিরামপুর, যশোর।

ফোনঃ ০২৪৭৭৭৬৪৯০৬ (অফিস), E-mail:jessorepbs2@yahoo.com, Web: pbs2.jessore.gov.bd

স্মারক নং- ২৭.১২.৪১৬১.৫১১.০২.০০৮.২০২২. ৫১১৭

তারিখঃ ২৬ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ।
০৯ মে, ২০২২ খ্রিষ্টাব্দ।

# " নিয়োগ বিজ্ঞপ্তি "

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিম্নবর্ণিত শূন্য পদে জেলা কোটার প্রাপ্যতা অনুযায়ী লোকবল নিয়োগ/ প্যানেল তৈরীর লক্ষ্যে প্রকৃত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী পুরুষ নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে। পদের পার্শ্বে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা, আবেদন সংক্রান্ত নির্দেশনা, বেতন ভাতা ও অন্যান্য সুবিধাদি উল্লেখ করা হলো :

| ক্র: নং | পদের নাম ও সংখ্যা | বেতন ও অন্যান্য ভাতা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগন আবেদন করতে পারবেন না। |
|---|---|---|---|---|
| ০১ | ড্রাইভার, পদ সংখ্যা- ০২টি (কম/ বেশি হতে পারে) | পবিস বেতন কাঠামো- ২০১৬ (সংশোধিত ২০২১) মোতাবেক ১৬৬০০.০০ - ৪১৯৫০.০০ টাকা এবং নিয়মানুযায়ী বাড়িভাড়া, চিকিৎসা ও অন্যান্য ভাতাদি প্রদেয়। | (ক) আগ্রহীগণকে সাবলীলভাবে বাংলা পড়তে ও লিখতে সক্ষম হতে হবে। ইংরেজী শব্দ ও সংখ্যা গণনা এবং পড়তে জানতে হবে। সাংকেতিক চিহ্ন বুঝা, প্রতিবেদন ও সময়সূচী পড়ার পর্যাপ্ত সামর্থ এবং লগবই পূরণে সক্ষমতা থাকতে হবে।<br>(খ) প্রার্থীর বিআরটিএ কর্তৃক প্রদত্ত বৈধ হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স অবশ্যই থাকতে হবে।<br>(গ) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত এবং উত্তম চরিত্রের অধিকারী হতে হবে। প্রার্থীর সুন্দর শারীরিক গঠন ও সুঠাম স্বাস্থ্য থাকতে হবে।<br>(ঘ) যে কোন সরকারী / আধা-সরকারী / স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/ বৃহৎশিল্প/ বাণিজ্যিক প্রতিষ্ঠানে ০৫ (পাঁচ) বৎসরের গাড়ি চালনা ও রক্ষণাবেক্ষণ কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে (যা ড্রাইভিং লাইসেন্স ইস্যুর তারিখ হতে গণ্য হবে)। বিগত ০৩ (তিন) বছরে বড় ধরণের কোন দুর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়নপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।<br>(ঙ) বাপবিবো/পবিস কর্তৃক গৃহীত লিখিত, ড্রাইভিং টেস্ট ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(চ) পবিস/ বাপবিবোর্ডের অনুমোদিত ডাক্তার কর্তৃক স্বাস্থ্যগত ও চক্ষু পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(ছ) প্রার্থীর বয়স ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে। | বাগেরহাট, বান্দরবন, বরগুনা, চুয়াডাঙ্গা, ফরিদপুর, গোপালগঞ্জ, যশোর, ঝিনাইদহ, খুলনা, কুষ্টিয়া, মাগুরা, মেহেরপুর, নড়াইল, পিরোজপুর, রাজবাড়ী, সাতক্ষীরা। |

**শর্তাবলী:**

০১. উল্লেখিত পদে নিয়োগলাভে আগ্রহী প্রার্থীগণকে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েব সাইট (www.reb.gov.bd) অথবা যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েব সাইট (www.pbs2.jessore.gov.bd) হতে A-4 সাইজের সাদা কাগজে আবেদন ফরম (ফরম নং পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড করে উভয় পৃষ্ঠায় প্রিন্ট করে সংগ্রহ করতে হবে (পূরণযোগ্য প্রবেশপত্রসহ)। সংগৃহীত আবেদন ফরম স্ব-হস্তে পূরণ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে যে কোন তফসিল ব্যাংক হতে ১০০.০০ (একশত) টাকা মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদন ফরমের সাথে সংযুক্ত করতঃ আগামী ২৯/০৫/২০২২ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে (বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত) সিনিয়র জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২, মনিরামপুর, যশোর এর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। হাতে হাতে কোন আবেদনপত্র এবং ওয়েব সাইটে প্রদানকৃত নির্ধারিত আবেদন ফর্ম ব্যতীত সাদা কাগজে কম্পোজকৃত/ টাইপকৃত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না। এছাড়া উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০২. প্রার্থীকে আবেদনপত্রে নিম্নোক্ত কাগজপত্রাদি প্রথম শ্রেণির গেজেডেট কর্মকর্তা/ প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (সুস্পষ্ট নাম ও সীলযুক্ত) করে সংযুক্ত করতে হবেঃ

ক) শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি (মার্কশীট/ প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়)।
খ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।
গ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/ পৌরসভার মেয়র/ ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব ও চারিত্রিক সনদপত্র।
ঘ) ছবির পিছনে প্রার্থীর নাম লেখা সম্বলিত ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
ঙ) ড্রাইভিং লাইসেন্স ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

০৩। ২৯/০৫/২০২২ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৪৫ বছরের মধ্যে হতে হবে। উল্লেখ্য, জন্ম নিবন্ধন সনদ/ জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও ড্রাইভিং লাইসেন্স বয়সের প্রমাণক হিসেবে বিবেচিত হবে।

০৪। অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বেই বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদনপত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সে ক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

চলমান পাতা-০২

০৫। প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদনপত্রের প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতিপূর্ণ প্রমাণিত হলে তার প্রার্থীতা বাতিল করা হবে।

০৬। প্রার্থীকে অবশ্যই ভদ্র ও প্রফুল্ল চিত্তে জনসাধারণের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে। উত্তীর্ণ প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য ''অন-প্রবেশনে'' নিয়োগ প্রদান করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/ স্বীকৃত মেডিকেল অফিসার/ পবিসের রিটেইনার চিকিৎসকের এবং স্বীকৃত চক্ষু বিশেষজ্ঞের নিকট হতে সুস্থ্যতার স্বাস্থ্যগত সার্টিফিকেট দাখিল করতে হবে। অন-প্রবেশনকালে অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ সম্পাদন, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-১৭, ৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক) শর্ত সাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করা হবে।

০৭। যশোর পবিস-২ এ কর্মরত কোন কর্মকর্তা/ কর্মচারী বা বোর্ড পরিচালক/ মহিলা পরিচালকের স্বামী/ স্ত্রী অথবা রক্ত সম্পর্কীয় কারও আবেদন করার প্রয়োজন নাই। এ সংক্রান্ত যে কোন তথ্যের সত্যতা প্রমাণিত হলে যে কোন সময়ে তার প্রার্থীতা বাতিল করা হবে।

০৮। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/ বদলী/ পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সে জেলার প্রার্থীর আবেদন বিবেচনা করা হবে না। উল্লেখ্য, নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিধি-বিধান প্রতিপালনে সরকারী সর্বশেষ নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করা হবে।

০৯। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দেয়া হলে অথবা কোন তথ্য গোপন রাখলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। প্রার্থীকে বাংলাদেশের যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

১১। সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১২। ইতিপূর্বে কোন সরকারী/ আধাসরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/ পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/ বরখাস্ত/ স্বেচ্ছায় পদত্যাগকারী এমন কারো আবেদন করার প্রয়োজন নেই। প্রতারণা করে অথবা কোন তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। উক্ত পদের জন্য মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/ সন্তানাদিদের সরকারী নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষন করা হবে। তবে সেই ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সন্তান/ সন্তানাদি তার পিতা/ মাতার মুক্তিযোদ্ধা সনদ এর সত্যায়িত ফটোকপি এবং প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখ পূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/ প্রথম শ্রেণির কর্মকর্তা অথবা ইউনিয়ন পরিষদ/ পৌরসভার মেয়র এর প্রত্যয়ন পত্রের মূল কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

১৪। নির্বাচনী (লিখিত/ মৌখিক) পরীক্ষায় অংশগ্রহণ ও সাক্ষাৎকারের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অনান্য সনদপত্রের মূল কপি দাখিল করতে হবে।

১৫। লিখিত পরীক্ষার সময় মোবাইল, ঘড়ি, ক্যালকুলেটরসহ যে কোন ধরণের ইলেক্ট্রোনিক্স ডিভাইস সঙ্গে রাখা যাবে না।

১৬। খামের উপর অবশ্যই বড় অক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।

১৭। যে কোন ধরণের তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।

১৮। নিয়োগ সংক্রান্ত যে কোন ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৯/০৫/২২
( প্রকৌঃ মনোহর কুমার বিশ্বাস )
সিনিয়র জেনারেল ম্যানেজার

<u>অনুলিপিঃ</u> (সদয় অবগতির জন্য)

০১. নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২. পরিচালক, পবিস মানব সম্পদ/ পবিস ব্যঃপঃ(পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩. পরিচালক, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৪. একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
০৫. একান্ত সচিব (সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।
০৬. জেলা প্রশাসক, যশোর/নড়াইল।
০৭. পুলিশ সুপার, যশোর/ নড়াইল।
০৮. সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----------পবিস-১/২/৩/৪
০৯. ডিজিএম (সদর-কারিগরী)/নওয়াপাড়া/নড়াইল/কেশবপুর/কালিয়া/লক্ষীপাশা)জোনাল অফিস, যশোর পবিস-২।
১০. এজিএম(ওএন্ডএম) রাজগঞ্জ/ সাগরদাড়ী/ সিংগাড়ী সাব জোনাল অফিস, যশোর পবিস-২।
১১. এজিএম (প্রশাসন/ অর্থ-হিসাব/ অর্থ-রাজস্ব/ ওএন্ডএম/ এমএস/ ইএন্ডসি/আইটি), যশোর পবিস-২।
১২. নোটিশ বোর্ড/ওয়েব সাইট (www. pbs2.jessore.gov.bd, যশোর পবিস-২।

বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের উদ্দেশ্যে আপনার নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

০৯/০৫/২২
( মোঃ মাসুদ রানা )
এজিএম (এইচ আর) অঃদাঃ

D:\Nasima\Neog Biggopti\ড্রাইভার পদে নিয়োগ বিজ্ঞপ্তি.docx